JAN. 04 2002

দৈনিক জনকণ্ঠ

তারিখ ...
পৃষ্ঠা ১২ কলাম ৪

হয়েছে।

# শিক্ষা অধিদফতরে দুই গ্রুপের হাতাহাতি ধাওয়া ॥ পুলিশ মোতায়েন

**স্টাফ রিপোর্টার ॥** শিক্ষা অধিদফতরে দুই গ্রুপের কর্মচারীদের মধ্যে মারমুখী ও উচ্ছৃঙ্খল আচরণের কারণে বৃহস্পতিবার অধিদফতরে পুলিশ মোতায়েন করা হয়েছে। চতুর্থ শ্রেণীর সরকারী কর্মচারী নেতা সেলিম গ্রুপ বহিরাগত নিয়ে তৃতীয় শ্রেণীর কর্মচারী নেতা মন্টু গ্রুপের বার্ষিক সাধারণ সভা পণ্ড করে দিলে উভয় গ্রুপের মধ্যে হাতাহাতি ও ধাওয়া পাল্টাধাওয়া হয়। কর্মচারীদের মধ্যে দিনভর টান টান উত্তেজনা বিরাজ করছিল। হামলার শিকার হয়ে অধিদফতরের তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতির সভাপতি মঈনুল হক বারভূঁইয়া মন্টু থানায় মামলা করেছেন।

জানা যায়, শিক্ষা অধিদফতরে মন্টু ও সেলিম গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে কোন্দল চলে আসছে। রাজনৈতিক পটপরিবর্তনের পর দু'টি গ্রুপই নিজেদের সরকার সমর্থক বলে দাবি করছে। এই দাবিতে এগিয়ে আছে সেলিম গ্রুপ এবং এই গ্রুপের নেতা সেলিম নিজেকে

(১১- পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

## শিক্ষা অধিদফতরে

(১২-এর পাতার পর)

সরকারের খুব কাছের লোক বলে জাহির করে প্রশাসন ও কর্মচারীদের ওপর প্রভাব বজায় রাখার চেষ্টা করছে। বৃহস্পতিবার ছিল মন্টু গ্রুপের বার্ষিক সাধারণ সভা। এই সভায় অতর্কিতভাবে সেলিম গ্রুপ বেশ কিছু বহিরাগত নিয়ে হামলা চালায়। তারা সভার ব্যানার, পোস্টার ছিঁড়ে ফেলে এবং কয়েকজনকে চড়-থাপ্পড় দেয়। এ ঘটনায় তীব্র উত্তেজনা ছড়িয়ে পড়লে পুলিশ মোতায়েন করা হয়।

শিক্ষা অধিদফতরের তৃতীয় শ্রেণীর কর্মচারী সমিতির এক সংবাদ বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়, সেলিম, কাদের ও নজরুলের নেতৃত্বে বহিরাগতরা সভায় হামলা চালিয়ে কয়েকজনকে মারধর করে এবং চেয়ার-টেবিল ভাংচুর করে। সমিতি নেতৃবৃন্দ এ ঘটনায় জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।